সমকাল

তারিখ 10 JUL 2016
পৃষ্ঠা … কলাম …

# বিশ্ববিদ্যালয় ছাত্রকে অপহরণের পর হত্যা

■ আড়াইহাজার (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

বেসরকারি ডেফোডিল বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী গোলাম সারোয়ার রাজীবকে অপহরণের পর শ্বাসরোধে হত্যা করা হয়েছে। তিনি নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলার পুরিন্দা গ্রামের গোলাম হোসেন রতনের একমাত্র ছেলে। কুমিল্লার দাউদকান্দি থানার গৌরীপুর পুলিশ তদন্ত কেন্দ্রের পক্ষ থেকে উদ্ধারকৃত লাশের ছবি ফেসবুকে পোস্ট করলে ছবি দেখে গোলাম হোসেন ছেলের লাশ শনাক্ত করেন। গত শুক্রবার সকালে কুমিল্লার মর্গ থেকে নিহতের লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়। বিকেলে জানাজা শেষে স্থানীয় কবরস্থানে তার লাশ দাফন করা হয়।

পরিবারের উদ্ধৃতি দিয়ে সাতগ্রাম ইউনিয়নের চেয়ারম্যান অদুদ মাহমুদ জানান, গত মঙ্গলবার বিকেলে রাজীব পুরিন্দা বাসস্ট্যান্ড থেকে বাসে গাউছিয়ার দিকে যাওয়ার পর থেকে নিখোঁজ হয়। তার মোবাইল ফোন বন্ধ থাকায় পরিবারের লোকজন আত্মীয়স্বজন ও বন্ধু-বান্ধবের বাড়িতে খোঁজ নেন। পরে ফেসবুকে ছবি দেখে লাশ শনাক্ত করা হয়।

গৌরীপুর পুলিশ তদন্ত কেন্দ্রের উপ-পরিদর্শক তপন কুমার বাগচী জানান, রাজীবের লাশ দাউদকান্দির গৌরীপুর এলাকার একটি সেতুর নিচ থেকে গত বৃহস্পতিবার সকালে উদ্ধার করা হয়। তার গলা, কান ও পেটে একাধিক আঘাতের চিহ্ন রয়েছে। ধারণা করা হচ্ছে, হত্যাকারীরা তাকে অপহরণ করে শ্বাসরোধে হত্যা করে গৌরীপুর সেতুর নিচে লাশ ফেলে যায়।